# ২০২৩-২৪ অর্থবছরে রবি/২০২৩-২৪ মৌসুমে বোরো ধান উফশী জাতের বীজ ব্যবহারের মাধ্যমে আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার সহায়তা বাবদ প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির ১ম সভার কার্যবিবরণী

সভাপতি ঃ রুবাইয়া খানম
উপজেলা নির্বাহী অফিসার
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

সভার স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
তারিখ ও সময়ঃ ২১ নভেম্বর, ২০২৩ খ্রি. বিকাল:- ২৩০ ঘটিকায়
সভার উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

আলোচনাঃ-

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যবর্গকে স্বাগত জানিয়ে সভার আলোচনা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা জেলা কৃষি পূর্নবাসন বাস্তবায়ন কমিটির ১৪/১১/২০২৩ খ্রি. তারিখের সিদ্ধান্ত মোতাবেক কুমিল্লা সদর দক্ষিণ উপজেলায় ২০২৩-২৪ অর্থ বছরে রবি/২০২৩-২৪ মৌসুমে বোরো ধানের উফশী জাতের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ২১০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার সহায়তা বাবদ প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের নিমিত্তে '১২০০০৬৫০৫ কৃষি পুনর্বাসন সহায়তা খাতের' অধীন '৩২৫১১০৯-বীজ ও চার উপখাতে ৫,৯৮,৫০০/- (পাঁচ লক্ষ আটানব্বই হাজার পাঁচশত) টাকা, ৩২৫১১০৫-সার উপখাতে ৭৭৭০০০/- (সাত লক্ষ সাতাত্তর হাজার) টাকা এবং ৩৬৩১১৯৯-অন্যান্য অনুদান উপখাতে ১,৩১,২৫০/-(এক লক্ষ একত্রিশ দুইশত পঞ্চাশ) টাকা, সর্বমোট=১৫,০৬,৭৫০/- (পনের লক্ষ ছয় হাজার সাত শত পঞ্চাশ) টাকা অত্র উপজেলার অনুকূলে অগ্রিম উত্তোলন পূর্বক ব্যয় করার বরাদ্দ পাওয়া গিয়াছে। তিনি সভায় ২০২৩-২৪ অর্থ বছরে রবি/২০২৩-২৪ মৌসুমে বোরো ধানের (উফশী জাত) আবাদ সম্ভাবনার নিরিখে একটি বিভাজন (পরিশিষ্ট-খ) উপস্থাপন করেন। সে মোতাবেক অত্র উপজেলায় বরাদ্দের ১৫,০৬,৭৫০/- (পনের লক্ষ ছয় হাজাব সাত শত পঞ্চাশ) টাকা উত্তোলন ও বিভাজন অনুযায়ী ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার সহায়তা প্রদানের জন্য 'পরিশিষ্ট-খ' অনুযায়ী বিভাজন ও বিতরণ করা যেতে পারে।

উপস্থিত সম্মানীত সদস্যগণ বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করত: সর্ব সম্মতিক্রমে সদস্য সচিব কর্তৃক উপস্থাপিত বিভাজন অনুমোদনসহ নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় এবং সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা কে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিতরণের অনুরোধ জানান।

বাস্তবায়নঃ- উপজেলা কৃষি অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

কর্মসূচি বাস্তবায়নের সিদ্ধান্তবলী :

০১। কৃষি পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে কৃষক নির্বাচন, অগ্রাধিকার তালিকা প্রস্তুত ও অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির মাধ্যমে পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ (সংশোধনীসহ) নীতিমালা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে;

০২। এ প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নে বিগত বছরের বোরো উফশী ধান ফসল আবাদের জমি এবং চলতি রবি মৌসুমে বোরো উফশী বীজ ফসল আবাদ সম্ভাবনার নিরীখে চাষাবাদের উপযুক্ততা অনুযায়ী ইউনিয়ন ভিত্তিক বিভাজন করে তদানুযায়ী সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তাবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে সরকারী আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন;

০৩। উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চুড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে admonitoring@dae.gov.bd/ddmonitoring@yahoo.com) প্রেরণ করবেন। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,কর্তৃক সরকারী ই-মেইলে আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে input2@moa.gov.bd ও moa.input2@gmail.com প্রেরণ করা হবে;

০৪। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচীর জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভূক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তার অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করবেন এবং যথারীতি মাষ্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;

০৫। এ কর্মসূচির আওতায় উপজেলাভিত্তিক জাতওয়ারী বিভাজন অনুযায়ী বিএডিসি তালিকাভুক্ত বীজ উদ্যোক্তাগণের নিকট হতে নির্ধারিত মূল্যে সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষা সাপেক্ষে বোরো ধানের উফশী বীজ ও এ প্রণোদনা কার্যক্রমের রাসায়নিক সার সংগ্রহ করে সরবরাহ করবেন;

০৬। এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাংখিত মানের হতে হবে;

০৭। প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নে অর্থাৎ মানসম্পন্ন চারা বিতরণ ও রোপন সম্পর্কে কৃষককে নিয়মিত পরামর্শ/প্রশিক্ষণ প্রদানসহ উপসহকারী কৃষি কর্মকর্তা থেকে ঊর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাগণ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন;

০৮। উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিষ্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকার ০৩ (তিন) কপি উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা মহোদয়ের নিকট প্রেরণ করবেন। এছাড়া বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

০৯। এ কর্মসূচির সকল উপকরণ বিতরণ উপজেলা সদর থেকে করতে হবে। সকল উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভূক্ত কৃষক ছাড়া অন্য কাউকে উপকরণ প্রদান করা যাবে না বা একজনের উপকরণ অন্য জনকে প্রদান করা যাবে না।

১০। এ কর্মসূচির যাবতীয় সমন্বয় রেকর্ডপত্র অডিটের জন্য উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এর অফিসে সংরক্ষিত থাকবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

Rubaiya 20/11/2020

রুবাইয়া খানম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পূণর্বাসন বাস্তবায়ন কমিটি
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

ponorbason

## পরিশিষ্টঃ ‘খ’

২০২৩-২৪ অর্থ বছরে রবি/২০২৩-২৪ মৌসুমে বোরো ধান উফশী জাতের বীজ ব্যবহারের মাধ্যমে আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকগণের মাঝে বীজ ও সারের ইউনিয়ন ভিত্তিক বিভাজন ঃ

| ক্র/নং | ইউনিয়ন | সুবিধাভোগী কৃষক সংখ্যা (জন) | বোরো উফশী ধান বীজের পরিমান (কেজি) | রাসায়নিক সার (কেজি) | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ডিএপি | এমওপি | মোট | |
| ১. | বিজয়পুর | ৩২০ | ১৬০০ | ৩২০০ | ৩২০০ | ৬৪০০ | |
| ২. | বারপাড়া | ৩৮০ | ১৯০০ | ৩৮০০ | ৩৮০০ | ৭৬০০ | |
| ৩. | চৌয়ারা | ৩০০ | ১৫০০ | ৩০০০ | ৩০০০ | ৬০০০ | |
| ৪. | গলিয়ারা উত্তর | ২৭০ | ১৩৫০ | ২৭০০ | ২৭০০ | ৫৪০০ | |
| ৫. | গলিয়ারা দক্ষিণ | ২৭০ | ১৩৫০ | ২৭০০ | ২৭০০ | ৫৪০০ | |
| ৬. | জোড়কানন পূর্ব | ২৬০ | ১৩০০ | ২৬০০ | ২৬০০ | ৫২০০ | |
| ৭. | জোড়কানন পঃ | ৩০০ | ১৫০০ | ৩০০০ | ৩০০০ | ৬০০০ | |
| ৮. | সিটি কর্পোরেশন | ০ | ০ | ০ | ০ | ০ | |
| মোট= | | ২১০০ | ১০৫০০ | ২১০০০ | ২১০০০ | ৪২০০০ | |

### প্রতি কৃষক/বিঘা প্রতি উপকরণ বরাদ্দের বিভাজনঃ

| ক্র/নং | ফসলের নাম | বীজ কেজি | ডিএপি (কেজি) | এমওপি (কেজি) |
|---|---|---|---|---|
| ০১. | বোরো ধান (উফশ জাত) | ০৫ | ১০ | ১০ |

২৭.১১.২০২৩

মোঃ জোনায়েদ কবির খান
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পূণর্বাসন বাস্তবায়ন কমিটি
কুমিল্লা সদর দক্ষিণ,কুমিল্লা।

২৭/১১/২৩

রুবাইয়া খানম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পূণর্বাসন বাস্তবায়ন কমিটি
কুমিল্লা সদর দক্ষিণ,কুমিল্লা।

২৭/১১/২৩

ponorbason